# ৪৬তম বিসিএস

## প্রিলি ফুল কোর্স

### বাংলাদেশ বিষয়াবলি

লেকচার: ১২

টপিক:

বাংলাদেশের জনসংখ্যা, আদমশুমারি, জাতি, গোষ্ঠী ও উপজাতি সংক্রান্ত বিষয়াদি, বাংলাদেশের চিকিৎসা ও স্বাস্থ্য।



উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# বাংলাদেশের জনসংখ্যা

- জনসংখ্যা তত্ত্বের জনক রবার্ট ম্যালথাস।
- বিশ্ব জনসংখ্যা রিপোর্ট প্রকাশ করে UNFPA।
- ১৮৭২ সালে ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম লর্ড মেয়ো এর অধীনে আদমশুমারি হয়।
- ১৯৫১ সালে পাকিস্তান আমলে বাংলায় প্রথম আদমশুমারি হয়।
- ১৯৭৪ সালে স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি হয়।
- বিশ্ব জনসংখ্যা দিবস ১১ জুলাই।
- প্রতিবছর ২ ফেব্রুয়ারি বাংলাদেশ জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়।

BBS

# জনসংখ্যায় বাংলাদেশের অবস্থান

| বিষয় | অবস্থান |
|---|---|
| বিশ্বে | ৮ম |
| এশিয়ায় | ৫ম |
| সার্কভুক্ত দেশে | ৩য় |
| মুসলিম বিশ্বে | ৪র্থ |

# বাংলাদেশের জনসংখ্যা বিষয়ক প্রতিষ্ঠান


❖ **বাংলাদেশের জনসংখ্যা বিষয়ক প্রতিষ্ঠান:**

➲ **NIPORT:** National Institute of Population Research & Training (জনসংখ্যা গবেষণা বিষয়ক প্রতিষ্ঠান)। ঢাকার আজিমপুরে অবস্থিত।

➲ **এনপিসি (NPC):** National Population Council (জাতীয় জনসংখ্যা পরিষদ)। **এটির প্রধান মাননীয় প্রধানমন্ত্রী।**

# জনশুমারি ও গৃহগণনা

- ❑ ১৫৮২ সালে ভারতবর্ষে সর্বপ্রথম মৌজাভিত্তিক ভূমি জরিপ করা হয় – সম্রাট আকবরের আমলে। এটি ইতিহাসে টোডরমলের বন্দোবস্ত হিসেবে পরিচিত।
- ❑ বিশ্বের প্রথম আদমশুমারি পরিচালিত হয় ১৭৯০ সালে যুক্তরাষ্ট্রে।
- ❑ বাংলাদেশে আদমশুমারি পরিচালনা করে -পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো' (BBS)।
- ❑ এ পর্যন্ত বাংলাদেশে ৬ বার আদমশুমারি হয় ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১ ও ২০১১, ২০২২ সালে।



USA / BBS

2022

Digital

NASA

# জনশুমারি

## ❑ ৬ষ্ঠ জনশুমারি:

- ৬ষ্ঠ আদমশুমারির নাম দেয়া হয় **জনশুমারি ও গৃহগণনা-২০২২**। ১৫-২১ জুন, ২০২২ দেশব্যাপী জনশুমারির জন্য তথ্য সংগ্রহ করা হয়েছে।
- স্যাটেলাইট ইমেজের মাধ্যমে **ডিজিটাল জনশুমারি** করা হয় পপুলেশন এ্যান্ড হাউজিং সেনশাস-২০২১ প্রকল্পের আওতায়।
- ৬ষ্ঠ জনশুমারিতে **প্রথমবারের মতো প্রবাসী ও দেশে অবস্থানরত** বিদেশীদের গণনা করা হয়।
- মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা **NASA-** (National Aeronautics and Space Administration) কারিগরি সহায়তা প্রদান করে।
- Modified De facto পদ্ধতি অনুসরণ করা হয়।

# জনশুমারি ও গৃহগণনা-২০২২

- সময়: ১৫-২১ জুন, ২০২২।
- প্রতিবেদন প্রকাশ: ২৭ জুলাই, ২০২২।
- গণনাকৃত জনসংখ্যা: ১৬,৫১,৫৮,৬১৬ জন।
- পুরুষ: ৮,১৭,১২,৮২৪ জন।
- নারী: ৮,৩৩,৪৭,২০৬ জন।
- তৃতীয় লিঙ্গ: ১২,৬২৯ জন।
- জনসংখ্যা বৃদ্ধির হার: ১.২২%।
- জনসংখ্যা ঘনত্ব: ১১১৯ জন (প্রতি বর্গকি.মি.)
- স্বাক্ষরতা: ৭৪.৬৬%।

## চূড়ান্ত প্রতিবেদন – ২০২৩


- প্রতিবেদন প্রকাশ : ১৫ নভেম্বর, ২০২৩।
- সমন্বয়কৃত জনসংখ্যা: ১৬,৯৮,২৮,৯১১ জন।
- পুরুষ: ৮,৪১,৩৪,০০৩ জন।
- নারী: ৮,৫৬,৮৬,৭৮৪ জন।
- তৃতীয় লিঙ্গ: ৮১২৪ জন।
- জনসংখ্যা বৃদ্ধির হার: ১.১২%।
- জনসংখ্যা ঘনত্ব: ১১১৯ জন (প্রতি বর্গকি.মি.)
- স্বাক্ষরতা: ৭৪.৮০%।

# জনশুমারি ও গৃহগণনা-২০২২

- ❑ খানার সংখ্যা: ৪,১০,১০,০৫১।
- ❑ খানার আকার: ৪.০ (খানা প্রতি গড় সদস্য) পল্লী-৪.১ ও শহরে ৩.৯।
- ❑ প্রতিবন্ধীর সংখ্যা: ২৩,৬১,৬০৪ জন।
- ❑ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী: ১৬,৫০,১৫৯ জন (০.৯৯%)।
- ❑ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাসে শীর্ষ বিভাগ চট্টগ্রাম।
- ❑ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাসে নিম্ন বিভাগ বরিশাল।
- ❑ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাসে শীর্ষ জেলা রাঙ্গামাটি।
- ❑ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাসে নিম্ন জেলা লালমনিরহাট।
- ❑ বাংলাদেশে বসবাসরত সর্বাধিক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী: চাকমা (৪,৮৩,২৯৯ জন)।
- ❑ বাংলাদেশে বসবাসরত সর্বনিম্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী: ভিল (৯৫ জন)।

## চূড়ান্ত প্রতিবেদন – ২০২৩

- ❑ খানার সংখ্যা: ৪,১০,০৮,২১৭।
- ❑ খানার আকার: ৩.৯৮।
- ❑ প্রতিবন্ধীর সংখ্যা: ১.৩৭%।
- ❑ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী: ১৬,৫০,৪৭৮ জন।



# জনশুমারি ও গৃহগণনা-২০২২

## ❑ জনসংখ্যায় শীর্ষ এবং সর্বনিম্ন জেলা ও বিভাগ

| ক্যাটাগরি | শীর্ষ | | সর্বনিম্ন | |
|---|---|---|---|---|
| | জেলা | বিভাগ | জেলা | বিভাগ |
| জনসংখ্যা | ঢাকা (১,৪৭,৩৪,৭০১) | ঢাকা (৪,৪২,১৫,৭৫৯) | বান্দরবান (৪,৮১,১০৬) | বরিশাল (৯১,০০,১০৪) |
| বৃদ্ধির হার | গাজীপুর (৩.৮৭%) | ঢাকা (১.৭২%) | ঝালকাঠি (-০.২৮%) | বরিশাল (০.৭৯%) |
| লিঙ্গানুপাত | ঢাকা (১১৫.৬০) | ঢাকা (১০৩.৪৬) | ব্রাহ্মণবাড়িয়া (৮৭.০০) | চট্টগ্রাম (৯৩.৪১) |
| ঘনত্ব | ঢাকা (১০,০৬৭) | ঢাকা (২,১৫৬) | রাঙ্গামাটি (১০৬) | বরিশাল (৬৮৮) |
| ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী | রাঙ্গামাটি (৩,৭২,৮৭৫) | চট্টগ্রাম (৯,৯১,০১৩) | লালমনিরহাট (১১৮) | বরিশাল (৪,১৯০) |
| সাক্ষরতা (৭ বছর+) | পিরোজপুর (৮৫.৫৩%) | ঢাকা (৭৮.২৪% | জামালপুর (৬১.৭০%) | ময়মনসিংহ (৬৭.২৩%) |

### উপজেলা

- **জনসংখ্যায় শীর্ষে :** সাভার (২৩,১১,৬১২)। **সর্বনিম্ন:** জুরাছড়ি (২৬,৯৩২)
- **সাক্ষরতায় শীর্ষে:** নেছারাবাদ (৮৮.২০%)। **সর্বনিম্ন:** রুমা (৫০.২৬%)

# জনসংখ্যা সমীক্ষা

| বিষয় | অর্থনৈতিক সমীক্ষা-২০২৩ |
|---|---|
| জনসংখ্যা | ১৬৯.৮৩ মিলিয়ন |
| মহিলা : পুরুষ | ১০০ : ৯৮ |
| জনসংখ্যার বৃদ্ধির হার | ১.৩% |
| জনসংখ্যার ঘনত্ব | ১১৫৩ জন (প্রতি বর্গ কি.মি.) |
| মাথাপিছু আয় | ২৭৬৫ মার্কিন ডলার |
| সাক্ষরতার হার | ৭৬.৪% |
| | পুরুষ ৭৮.৬% ও মহিলা ৭৪.২% |
| দারিদ্র্যের হার | ১৮.৭% |
| চরম দারিদ্র্যের হার | ৫.৬% |
| **জনস্বাস্থ্য** | |
| মহিলা প্রজনন হার | ২.০৫ জন |
| স্থূল জন্মহার | ১৮.৮ জন (প্রতি হাজারে) |
| স্থূল মৃত্যুহার | ৫.৭ জন (প্রতি হাজারে) |
| শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে) | ২২জন |
| সুপেয় পানি গ্রহণকারী | ৯৮.২% |
| স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী | ৮৫.৮% |
| **প্রত্যাশিত গড় আয়ু** | |
| উভয় | ৭২.৩ বছর |
| পুরুষ | ৭০.৬ বছর |
| মহিলা | ৭৪.১ বছর |

# POLL QUESTION-01

✪ জনশুমারি ও গৃহগণনা-২০২২ অনুসারে বাংলাদেশের শিক্ষার হার কত?

(a) ৭৫.২%

(b) ৭৩.০২%

(c) ৭৪.৬৬%

(d) ৭৬.৪%

BBS অনুযায়ী

৯.৭২%

ডিসেম্বর নং

.৬৪%

এডিবি

৭.৫%

১৪.৫%, খাদ্য

৫.৬৭%, খাদ্য বহির্ভূত

সার্বিক নং

৭.৯%

# জনসংখ্যা সমস্যা

## ➲ জনসংখ্যা সমস্যা:

"যদি কোন দেশের জনসংখ্যা সে দেশের মোট খাদ্য উৎপাদনের চেয়ে অধিক হয়, জনসংখ্যার সেই পরিস্থিতিকে জনসংখ্যা সমস্যা বলে।" – রবার্ট ম্যালথাস

ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব মতে, জনসংখ্যা বাড়ে জ্যামিতিক হারে। যেমন- ১, ২, ৪, ৮, ১৬, ৩২ ইত্যাদি। আর, খাদ্য উৎপাদন বাড়ে গাণিতিক হারে। যেমন- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ইত্যাদি।

## ➲ জনসংখ্যা নীতি:

১৯৭৬ সালে জাতীয় জনসংখ্যা নীতি ঘোষণা করা হয়েছে।

"দুটি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়।" (২০১২)।

"ছেলে হোক মেয়ে হোক, একটি সন্তানই যথেষ্ট।" (২০১৮)

## ➲ কাম্য জনসংখ্যা:

"Optium population is that which gives the maximum income per head." – Dalton

# জনসংখ্যার বোনাস যুগ

- **জনমিতিক লভ্যাংশ সংজ্ঞাঃ** যখন মোট জনসংখ্যার ৫০% কর্মক্ষম জনগোষ্ঠী থাকে এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে ভূমিকা রাখে তখন তাকে Demographic Dividend বলে।
- **বয়সঃ** ১৫-৬৪ বছরের মধ্যে। কমতে থাকে ১-১৫ এর নীচে বয়সী জনসংখ্যা।
- **সময়ব্যাপ্তিঃ** ৩০-৪০ বছরের জন্য বিদ্যমান।
- **বিশেষত্বঃ** জনসংখ্যা সুবিধা।
- **বাংলাদেশঃ** ২০১২ সালে বোনাস যুগে প্রবেশ করে।
- **জাতিসংঘের মতেঃ**
  - বর্তমানে বাংলাদেশের এক-তৃতীয়াংশ তরুণ।
  - দেশে প্রতি ৩ জনে ২ জন উপার্জনক্ষম।
  - আগামী ২৫-৩০ বছর তরুণরাই উৎপাদনশীলতায় অগ্রণী ভূমিকা রাখবে।
- **সফল উদাহরণঃ** চীন, জাপান, দক্ষিণ কোরিয়া।
- **ব্যর্থ উদাহরণঃ** আফ্রিকার দেশসমূহ।

ch. K Jr

2002

2089

Infant Baby | Youth | Old

28 | 32 | 56 | 48

28 35 48

# উপজাতি


- সরকারি হিসেবে বাংলাদেশে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী রয়েছে ৫০ টি।
- বাংলাদেশের উপজাতির সংখ্যা ১৬,৫০,১৫৯ জন যা মোট জনসংখ্যার প্রায় ১%।
- বিশ্ব আদিবাসী দিবস ৯ আগস্ট।
- মাতৃপ্রধান উপজাতি গারো ও খাসিয়া।
- মুসলিম নৃ-গোষ্ঠী পাঙন, লাওয়া, বিনদ।
- টংক আন্দোলনে সংশ্লিষ্ট উপজাতি– হাজং।
- হাজং–দের মধ্যে বিবাহ বিচ্ছেদ, বহুবিবাহ, বিধবা বিবাহ প্রচলন রয়েছে।
- সবচেয়ে বেশি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাস করে রাঙ্গামাটি জেলায়।
- একমাত্র আদিবাসী বীর মুক্তিযোদ্ধা ইউ কে চিং (মারমা), তিনি বীর বিক্রম খেতাব প্রাপ্ত।





# উপজাতি

| উপজাতি | অবস্থান | ধর্ম | ভাষা | উৎসব |
|---|---|---|---|---|
| চাকমা | রাঙ্গামাটি (সবচেয়ে বেশি), বান্দরবান, খাগড়াছড়ি ও কক্সবাজার | বৌদ্ধ | চাকমা | বিজু, ফাল্গুনী পূর্ণিমা |
| ত্রিপুরা | রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি | সনাতন | ককবোরক | বৈসু/বৈসুক |
| গারো | ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা (বিরিশিরি), টাঙ্গাইল ও জামালপুর | খ্রিষ্টান | মান্দি খুসিক, আচিক খুসিক | ওয়ানগালা |
| মারমা | বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি | বৌদ্ধ | আরাকানি | সাংগ্রাই, ওয়াগ্যই বা প্রবারণা পূর্ণিমা |
| রাখাইন | পটুয়াখালী, বরগুনা, কক্সবাজার | বৌদ্ধ | মারৌও, র‍্যামর্য | জলকেলি |
| সাঁওতাল | রংপুর, দিনাজপুর, বগুড়া, নওগাঁ, নাটোর, রাজশাহী | সনাতন ও খ্রিষ্টান | সাঁওতালি | সান্দ্রে, সোহরাই |
| হাজং | ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, সিলেট | সনাতন | হাজং | জাখা |
| ওরাওঁ | রংপুর, দিনাজপুর, জয়পুরহাট, বগুড়া, রাজশাহী | জড়োপাসক | কুঁড়খ/সাদরি | ফাগুয়া |



[illegible]

[illegible]

- เกณฑ์
- มาตรฐาน
- กฎ
- ระบบงานที่เกี่ยวข้อง



CoTE 13V.


MC

৩৬ মিনিট
ভিডিও

৭:৬৮ Resume

# উপজাতি

| উপজাতি | অবস্থান | ধর্ম | ভাষা | উৎসব |
|---|---|---|---|---|
| খাসিয়া | সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, সিলেট | খ্রিষ্টান | বর্মী | স্যাম থাইমি |
| মণিপুরী | মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ, সিলেট | বৈষ্ণব | বিষ্ণুপ্রিয়া/মৈতৈই | মহা রামলীলা, রাস পূর্ণিমা |
| রাজবংশী | রংপুর | প্রকৃতি পূজারি | কামতাপুরী | হুদুমা পূজা, ব্যাঙের বিয়ে |
| মুন্ডা | খুলনা, সাতক্ষীরা ও সুন্দরবন এলাকায় | বিভিন্ন দেবতার পূজা | মুন্ডারী | সারদুল বা সারজুন |
| তঞ্চঙ্গ্যা | বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম, কক্সবাজার | বৌদ্ধ | তনচংগা/তঞ্চঙ্গ্যা | – |



# উপজাতি

| ক্রম | নাম | অবস্থান | প্রতিষ্ঠা |
|---|---|---|---|
| ১ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি (প্রথম) | বিরিশিরি, নেত্রকোণা | ১৯৭৭ |
| ২ | মণিপুরী ললিতকলা একাডেমি | কমলগঞ্জ, মৌলভীবাজার | ১৯৭৭ |
| ৩ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | রাঙ্গামাটি | ১৯৭৮ |
| ৪ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | বান্দরবান | ১৯৮৮ |
| ৫ | কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র | কক্সবাজার | ১৯৯৪ |
| ৬ | ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | খাগড়াছড়ি | ২০০৩ |
| ৭ | রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি | রাজশাহী | – |
| ৮ | রাখাইন সাংস্কৃতিক ইনস্টিটিউট | রামু, কক্সবাজার | – |

# উপজাতি

## চাকমা

- ✓ এদের গ্রামকে আদাম বলে।
- ✓ রাঙ্গামাটি জেলায় সবচেয়ে বেশি বসবাস করে।
- ✓ জনশুমারি ও গৃহগণনা অনুসারে, চাকমাদের সংখ্যা ৪,৮৩,২৯৯ জন (বৃহত্তম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)।
- ✓ পিনন ও হাদি এ জনগোষ্ঠীর ঐতিহ্যবাহী পোশাক।
- ✓ তাদের নিজস্ব বর্ণমালা ও ভাষা আছে।
- ✓ চাকমা ভাষায় লিখিত প্রথম উপন্যাস 'ফেরো' যা ২০০৪ সালে প্রকাশিত হয়।

## সাঁওতাল

- ✓ সমতলে বৃহত্তম ক্ষুদ্র জাতি গোষ্ঠী।
- ✓ সাঁওতালি ভাষায় দেবতাকে বলে 'বোংগা'।
- ✓ ঝুমুর গান ও নাচ এদের একটি গুরুত্বপূর্ণ অংশ।

# উপজাতি

## মারমা

- ✓ চিম্বুক পাহাড়ের পাদদেশে বসবাস করে।
- ✓ এদের গ্রামকে কার্বারি নামে অভিহিত করা হয়।

## খাসিয়া

- ✓ মাতৃতান্ত্রিক নৃ-গোষ্ঠী।
- ✓ এরা মনখেমো ভাষায় কথায় বলে।
- ✓ খাসিয়া গ্রামগুলো পুঞ্জি নামে পরিচিত।

# উপজাতি

## গারো

- ✓ এরা মাতৃতান্ত্রিক। এদের নিজস্ব বর্ণমালা নেই।
- ✓ জাতিগত পরিচয়ে অনেকেই মান্দি বলে পরিচয় দেন।
- ✓ তাদের আদি ধর্মের নাম 'সাংসারেক'।
- ✓ এদের প্রধান দেবতার নাম 'তাতারা বারুগা'।
- ✓ সালজং (Saljong) তাদের উর্বরতার দেবতা।
- ✓ গারোদের প্রধান ধর্মীয় ও সামাজিক উৎসবের নাম 'ওয়ানগালা'।

## মণিপুরী

- ✓ বাংলাদেশের মণিপুরীরা তিনটি শাখায় বিভক্ত এবং স্থানীয়ভাবে তারা– (১) মণিপুরি বা মৈতৈ, (২) মণিপুরি মুসলমান বা পাঙাল ও (৩) মণিপুরি বিষ্ণুপ্রিয়া বা বিষ্ণুপুরিয়া নামে পরিচিত।

# পার্বত্য চট্টগ্রাম সমস্যা ও শান্তি চুক্তি

- ১৯৮৯ সালে পার্বত্য জেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠা করা হয়।
- পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি স্বাক্ষরিত হয় ২ ডিসেম্বর, ১৯৯৭ সালে।
- চুক্তির শর্তানুযায়ী ১৯৯৮ সালের ১৫ জুলাই পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয়।
- **বাংলাদেশে বাস নেই এমন উপজাতি:** মাওরি, পিগমি, নিগ্রো, টোডা, আফ্রিদি, কুর্দি, শেরপা, মুরা, নাগা, জুলু, ককেশীয়, জারোয়া ইত্যাদি।

# POLL QUESTION-02

✪ 'মারমা' উপজাতি কোন ভাষায় কথা বলে?

(a) হাজং

(b) মান্দি খুসিক

(c) আরাকানি

(d) ধর্মী

# বাংলাদেশের স্বাস্থ্যসেবা

| সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (EPI) | টেস্টটিউব শিশু | হিমায়িত ভ্রূণ শিশু |
|---|---|---|
| Expanded Program on Immunization বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) কর্তৃক পরিচালিত টিকাদান কর্মসূচি। ৭ এপ্রিল, ১৯৭৯ সালে চালু হয়। এই কর্মসূচিতে ১০টি রোগের মোট ৬টি প্রতিষেধক টিকা প্রয়োগ করা হয়। | ৩০ মে, ২০০১ সালে ফিরোজা বেগম প্রথম টেস্টটিউব শিশুর জন্ম দেন। একসাথে জন্ম নেওয়া তিনটি শিশুর নাম হীরা, মণি ও মুক্তা। বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ফিরোজা বেগমের কনসালটিং এর সময় তত্ত্বাবধানে ছিলেন ডা. ফাতেমা পারভীন। | ১৯ সেপ্টেম্বর, ২০০৮ বাংলাদেশে প্রথম হিমায়িত ভ্রূণ শিশু 'অপ্সরা' জন্মগ্রহণ করে। হিমায়িত ভ্রূণ শিশুর রূপকার- ডা. রাশিদা বেগম। |

## ❑ EPI এ টিকার তালিকা

| রোগের নাম | টিকার নাম |
|---|---|
| যক্ষা | বিসিজি |
| ডিফথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার, হেপাটাইটিস-বি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা-বি | পেন্টাভ্যালেন্ট ভ্যাকসিন (ডিপিটি, হেপাটাইটিস-বি, হিব) |
| নিউমোকক্কাল নিউমোনিয়া | পিসিভি ভ্যাকসিন |
| পোলিও মাইলাইটস | ওপিভি, আইপিভি |
| হাম ও রুবেলা | এমআর টিকা |

# বাংলাদেশের স্বাস্থ্যসেবা

## ❑ অন্যান্য তথ্যাবলি

- ✓ বাংলাদেশে পরমাণু চিকিৎসা কেন্দ্র- ১৫টি
- ✓ খাবার স্যালাইন আবিষ্কারক- icddr,b
- ✓ বাংলাদেশকে পোলিও মুক্ত ঘোষণা করা হয়- ২০১৪ সালে।
- ✓ বাংলাদেশে কমিউনিটি ক্লিনিক- ১৩৯৭৬টি। [সূত্র: স্বাস্থ্য অধিদপ্তর]
- ✓ বাংলাদেশে মেডিকেল বিশ্ববিদ্যালয়- ৫টি।
- ✓ বাংলাদেশে রেজিস্টার্ড চিকিৎসক- ১৭২৪ জন জনসংখ্যায় ১ জন।
- ✓ WHO কর্তৃক দক্ষিণ-পূর্ব এশিয়ার 'Healthy City'- চট্টগ্রাম।
- ✓ বাংলাদেশকে জলবসন্ত মুক্ত এলাকা ঘোষণা- ১৯৭৭ সাল।
- ✓ বাংলাদেশের প্রথম চিকিৎসা বিশ্ববিদ্যালয়- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।

2028

# POLL QUESTION-03

✪ WHO EPI Program চালু করে কবে?

(a) ১৯৭২

(b) ১৯৭৭

(c) ১৯৭৯

(d) ১৯৭৪

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী 'মনিপুরী' বাংলাদেশের কোন জেলায় বেশি বসবাস করে? [৪৫তম বিসিএস]

(ক) সিলেট (খ) মৌলভীবাজার (গ) হবিগঞ্জ (ঘ) সুনামগঞ্জ

➲ বাংলাদেশের ষষ্ঠ জাতীয় জনশুমারি ও গৃহ গণনা কোন সময়ে অনুষ্ঠিত হয়? [৪৫তম বিসিএস]

(ক) ১০ জুন থেকে ১৬ জুন, ২০২২ (খ) ১৫ জুন থেকে ২১ জুন, ২০২২
(গ) ১৫ জুলাই থেকে ২১ জুলাই, ২০২২ (ঘ) ২০ জুলাই থেকে ২৬ জুলাই, ২০২২

➲ বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংখ্যা- [৪৪তম বিসিএস]

(ক) ২০ (খ) ৪৫ (গ) ২৫ (ঘ) ৩২

➲ বাংলাদেশে জুম চাষ কোথায় হয়? [৪৪তম বিসিএস]

(ক) বান্দরবান (খ) ময়মনসিংহ (গ) রাজশাহী (ঘ) দিনাজপুর

➲ বাংলাদেশে প্রথম আদমশুমারি (জনগণনা) কবে অনুষ্ঠিত হয়? [৪৪তম বিসিএস]

(ক) ১৯৭২ সালে (খ) ১৯৭৩ সালে (গ) ১৯৭৪ সালে (ঘ) ১৯৭৫ সালে

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ওরাওঁ জনগোষ্ঠী কোন অঞ্চলে বসবাস করে? [৪৩তম বিসিএস]
(ক) রাজশাহী-দিনাজপুর (খ) বরগুনা-পটুয়াখালী
(গ) রাঙামাটি-বান্দরবান (ঘ) সিলেট-হবিগঞ্জ

➲ নিপোর্ট (NIPORT) কী ধরনের গবেষণা প্রতিষ্ঠান? [৪৩তম বিসিএস]
(ক) জনসংখ্যা গবেষণা (খ) নদী গবেষণা
(গ) মিঠাপানি গবেষণা (ঘ) বন্দর গবেষণা

➲ প্রতিবছর কোন তারিখে বাংলাদেশ জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়? [৪২তম বিসিএস]
(ক) ২ ফেব্রুয়ারি (খ) ৮ ফেব্রুয়ারি (গ) ৮ মার্চ (ঘ) ৭ এপ্রিল

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোন উপজাতিটির আবাসস্থল 'বিরিশিরি' নেত্রকোনায়? [৪১তম বিসিএস]

(ক) সাঁওতাল (খ) গারো (গ) খাসিয়া (ঘ) মুরং

➲ 'গারো উপজাতি' কোন জেলায় বাস করে? [৪০তম বিসিএস]

(ক) পার্বত্য চট্টগ্রাম (খ) সিলেট (গ) ময়মনসিংহ (ঘ) টাঙ্গাইল

➲ তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে কমিউনিটি ক্লিনিক চালু করা হয়– [৪০তম বিসিএস]

(ক) ১৩ হাজার ১২৫ টি (খ) ১৩ হাজার ১৩০ টি

(গ) ১৩ হাজার ১৩৬ টি (ঘ) ১৩ হাজার ১৪৬ টি

➲ বাংলাদেশের প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয়– [৪০তম, ৩৮তম, ৩৬তম বিসিএস]

(ক) ১৯৭২ সালে (খ) ১৯৭৩ সালে (গ) ১৯৭৪ সালে (ঘ) ১৯৭৫ সালে

➲ চাকমা জনগোষ্ঠীর লোকসংখ্যা সর্বাধিক– [৩৮তম বিসিএস]

(ক) রাঙ্গামাটি জেলায় (খ) খাগড়াছড়ি জেলায় (গ) বান্দরবান জেলায় (ঘ) সিলেট জেলায়

➲ পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি কত সালে স্বাক্ষরিত হয়? [৩৮তম, ২১তম, ২০তম, ১৯তম বিসিএস]

(ক) ১৯৯৩ (খ) ১৯৯৭ (গ) ১৯৯৯ (ঘ) ২০০১

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ যে বিভাগে সাক্ষরতার হার সর্বাধিক– [৩৭তম বিসিএস]

(ক) ঢাকা বিভাগ (খ) রাজশাহী বিভাগ (গ) বরিশাল বিভাগ (ঘ) খুলনা বিভাগ

➲ যে জেলায় হাজংদের বসবাস নেই– [৩৭তম বিসিএস]

(ক) শেরপুর (খ) ময়মনসিংহ (গ) সিলেট (ঘ) নেত্রকোণা

➲ ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে Household প্রতি জনসংখ্যা– [৩৭তম বিসিএস]

(ক) ৪.৪ জন (খ) ৫.০ জন (গ) ৫.৪ জন (ঘ) ৫.৫ জন

➲ ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে নারী–পুরুষের অনুপাত– [৩৭তম বিসিএস]

(ক) ১০০:১০৬ (খ) ১০০:১০০.৬ (গ) ১০০:১০০.৩ (ঘ) ১০০:১০০

➲ কোন উপজাতি বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ধর্ম ইসলাম? [৩৬তম বিসিএস]

(ক) রাখাইন (খ) মারমা (গ) পাঙন (ঘ) খিয়াং

আল্লাহ হাফেজ

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron